

হৃদয়ের এ কুল, ও কুল, দু কুল ভেসে যায়, হায় সজনি,
উথলে নয়নবারি ।

যে দিকে চেয়ে দেখি ওগো সখী,
কিছু আর চিনিতে না পারি ॥

পরানে পড়িয়াছে টান, ভরা নদীতে আসে বান,
আজিকে কী ঘোর তুফান সজনি গো,
বাঁধ আর বাঁধিতে নারি ॥

কেন এমন হল গো, আমার এই নবযৌবনে ।
সহসা কী বহিল কোথাকার কোন্ পবনে ।
হৃদয় আপনি উদাস, মরমে কিসের হতাশ -
জানি না কী বাসনা, কী বেদনা গো -
কেমনে আপনা নিবারি ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Mishra Bibhas
Visit www.geetabitan.com for notation and other detail